

আইআইইউসি'র ওরিয়েন্টেশন অনুষ্ঠানে প্রফেসর কে.এম গোলাম মহিউদ্দিন

বিশ্ববিদ্যালয়গুলোতে এমন প্রজন্ম গড়ে তোলা উচিত যারা দেশ ও জাতির জন্য ভূমিকা রাখতে পারে

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর ভাইস-চ্যান্সেলর প্রফেসর কে.এম গোলাম মহিউদ্দিন বলেছেন, বিশ্ববিদ্যালয়গুলোতে এমন প্রজন্ম গড়ে তোলা উচিত যারা দেশ ও জাতির জন্য ভূমিকা রাখতে পারে। প্রকৃত শিক্ষার মূল উদ্দেশ্য হওয়া উচিত মানুষের নৈতিকতা ও মূল্যবোধ তৈরি করা। একজন যোগ্য ও আদর্শ মানুষ পরিবার, সমাজ এবং জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

আজ রোববার সকালে কুমিরাহ্ স্থায়ী ক্যাম্পাসে আইআইইউসি'র স্টুডেন্ট এ্যাফেয়ার্স ডিভিশন (স্ট্যাড) আয়োজিত শরৎকালীন সেমিস্টার-২০১৭-এর নবাগত ছাত্রীদের ৪৫তম ব্যচের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে আইআইইউসি'র ভাইস চ্যান্সেলর এ অভিমত ব্যক্ত করেন। আইআইইউসি'র প্রোভিসি (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোঃ দেলাওয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ আয়োজনে অতিথি হিসাবে বক্তব্য রাখেন, আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টীজের সদস্য ও ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান অধ্যাপক আহসান উল্লাহ। শুভেচ্ছা বক্তব্য রাখেন, কলা ও মানবিক অনুষদের ডীন প্রফেসর মুহাম্মদ হুমায়ুন কবীর, আইআইইউসি'র রেজিস্ট্রার কর্ণেল মোহাম্মদ কাসেম পিএসসি (অবঃ), ফিমেল জোন ইনচার্জ প্রফেসর ড. মুহাম্মদ মাহবুবুর রহমান এবং স্বাগতঃ বক্তব্য রাখেন স্টুডেন্ট এ্যাফেয়ার্স ডিভিশনের পরিচালক আ. জ. ম. ওবায়দুল্লাহ। ছাত্রীদের পক্ষে বক্তব্য রাখেন, খুশনুমা বিন কামাল ও সাবরিনা সিরাজ। অনুষ্ঠান পরিচালনা করেন স্ট্যাড এর অতিরিক্ত পরিচালক মোহাম্মদ মামুনুর রশীদ ও কবি চৌধুরী গোলাম মাওলা। মঞ্চে অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন, আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টীজের সদস্য মোহাম্মদ নূরুল্লাহ ও প্রিন্সিপাল আমীরুজ্জামান।



প্রধান অতিথির বক্তব্যে আইআইইউসি'র ভিসি প্রফেসর কে. এম. গোলাম মহিউদ্দিন বলেন, মহান আল্লাহ তাঁর প্রিয় বান্দাকে তাঁর বিশ্ববিদ্যালয়ে ভর্তি করিয়েছিলেন। তিনি হলেন হযরত মুহাম্মদ (সঃ)। সেই ধারাবাহিকতায় এই বিশ্ববিদ্যালয় গড়ে তোলা হয়েছে। নামে ইসলাম থাকলেও এটি একটি অসাম্প্রদায়িক বিশ্ববিদ্যালয়।

অতিথির বক্তব্যে আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টীজের সদস্য ও ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান অধ্যাপক আহসান উল্লাহ প্রতিষ্ঠান বাছাই একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করে বলেন, এই বিশ্ববিদ্যালয় সন্ত্রাসের কারণে একদিনের জন্যেও বন্ধ হয়নি। নারীর ক্ষমতায়নের নামে প্রতারণা নয়, নারীর অধিকার আদায়ে সচেতন হতে হবে। তিনি বলেন, মেয়েদের অধিকার নিশ্চিত করার কথা বলা হলেও মেয়েদের জন্য আলাদা কোন মেডিকেল ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় গড়ে তোলা হয়নি। তিনি ছাত্রীদের আদর্শ নাগরিক হিসাবে গড়ে উঠে দেশের, সমাজের, মা-বাবার, আইআইইউসি'র মান রক্ষা করার এবং অবদান রাখার আহ্বান জানান। *প্রেস বিজ্ঞপ্তি*

(মোসতাক খন্দকার)

সহকারী পরিচালক, জনসংযোগ

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম